

হিন্দুধর্মীয় প্রতিষ্ঠান ও দুস্থদের
১০ কোটি টাকা প্রদান
২ হাজার ১৬টি প্রাকপ্রাথমিক
৫০৪টি বয়স্ক কেন্দ্রে হিন্দু
শিক্ষার্থীরা শিক্ষা নিচ্ছে

টাকা রিপোর্টার : হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের
আওতায় হিন্দু শিক্ষার্থীদের জন্য মাসিকভিত্তিক
পাঠাগার স্থাপন এবং বিত্ত ও পরিচালনার প্রথম
পর্যায়ের কার্যক্রম আঙ্গামী জুন মাসে শেষ হবে।
১৭ কোটি ৩০ লাখ টাকা ব্যয়ে ৫ বছর মেয়াদী
এ কর্মসূচীর অধীনে প্রতিবছর শায় ৫০ হাজার
হিন্দু শিক্ষার্থীকে শিক্ষাদান করা হয়। বিভিন্ন
জেলার ২ হাজার ১৬টি প্রাকপ্রাথমিক এবং
৫০৪টি বয়স্ক শিক্ষাদান কেন্দ্রের মাধ্যমে এ
শিক্ষাদান হচ্ছে।

এছাড়া উপরিউক্ত কর্মসূচীর আওতায় ৩২ লাখ
টাকা ব্যয়ে ৬৪ জেলায় ৬৪টি মডেল পাঠাগার
এবং ৪৬ লাখ টাকা ব্যয়ে ৪৬০টি উপজেলা
মডেল পাঠাগার স্থাপন করা হয়েছে। আঙ্গামী
জুলাই মাস থেকে প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের
কার্যক্রম শুরু হবে।

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত হিন্দুধর্মীয় কল্যাণ
ট্রাস্টের নবগঠিত ট্রাস্টি বোর্ডের প্রথম সভায় এ
তথ্য জানানো হয়। ধর্ম উপদেষ্টা ও ট্রাস্টের
চেয়ারম্যান মেলর জেনারেল ডাঃ এ এস এম
মতিউর রহমান (অবঃ) সভায় সভাপতিত্ব
করেন। সভায় ট্রাস্টের সচিব পৌতম আইচ
সরকারসহ অন্যান্য সদস্য উপস্থিত ছিলেন।